

কবিতার কথা

যেন দূর থেকে দেখা চাঁদ
 গায়ে বাংলার ধুলোমাটি
 যেন হৃদয়ে প্রেমের শীর্ষ
 খোলা দাওয়াতে শীতলপাটি।

যেন কেঁদুলিমেলার রাত
 গানে আউলে বাউলে ভোর
 যেন অক্ষের একতারা
 ভাঙে ছন্দের ঘুমঘোর

তুমি পাঁজরে দাঁড়ের শব্দ
 মুখে সর্বজয়ার ছবি
 বাজে চৌরাসিয়ার বাঁশি
 পথে গ্রাম - বাংলার কবি।
 হাতে ধূসর পান্ডুলিপি
 প্রাণে জীবনানন্দ দাশ
 দূরে গ্রাম পতনের শব্দ
 জেনো সেদিন চৈত্র মাস।

স্মৃতি আমলকীতলা পাড়া
 যেন দিবারাত্রির কাব্য
 স্মৃতি চুনী নদীর খেয়া
 আজ কবিতার কথা ভাবব।

অপূর্ব দত্ত

